

৩৯। বাজেয়াপ্তির সীমা।— (১) এই আইনের অধীন কোন পণ্য বাজেয়াপ্তকরণ বলিতে উক্ত পণ্য যে মোড়কে  
পাওয়া যায় সেই মোড়ক এবং উহাতে প্রাপ্ত সকল বস্ত্রও অন্তর্ভুক্ত হইবে।

(২) এই আইনের অধীনে বাজেয়াপ্তযোগ্য পণ্য পরিবহনে ব্যবহৃত যে কোন প্রকার যানবাহনও বাজেয়াপ্তযোগ্য  
হইবেঃ

১[তবে শর্ত থাকে যে, এই উপ-ধারার অধীন বাজেয়াপ্তযোগ্য যানবাহন আটক করা হইলে বিধিতে উল্লিখিত  
কর্মকর্তা উহার এবং উহাতে পরিবহনকৃত পণ্যের ন্যায় নির্ণয়ন অনিষ্পত্ত থাকা অবস্থায় (Pending adjudication),  
১\*\*\*\*\*] বিধিদ্বারা নির্ধারিত পদ্ধতিতে অন্তর্বর্তীকালীন ছাড় প্রদান করিতে পারিবেন।]

(৩) যে কোন জলযানের বাজেয়াপ্তকরণ বলিতে উহার ট্যাকল, সাজসজ্জা ও আসবাবপত্রও অন্তর্ভুক্ত হইবে।

---

<sup>১</sup>। অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের .... নং আইন) এর ধারা ৬(১২) বলে উপ-ধারা (২) এর শর্তাশের পরিবর্তে নৃতন শর্তাংশ প্রতিষ্ঠাপিত।

<sup>২</sup>। অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ... নং আইন) এর ধারা ... (৮) বলে “ব্যাংক গ্যারান্টির বিপরীতে” শব্দগুলি বিলুপ্ত।